রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২২ সনের ২৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৬, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮৫—৩০০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬১৩—৮৪৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬০৭—৬১৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৩—৩৪ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**খাদ্য মন্ত্রণালয়**

**(সংস্থা প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ, ১৪২৮ ব./১১ জানুয়ারি ২০২২ খ্রি.

**নং ১৩.০০.০০০০.০২২.৩৩.০০৫.১২.৬**—জনাব মোঃ মিজানুর রহমান, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল, প্রাক্তন জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম কে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ) বিধিমালার অধীন আনীত দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় উক্ত অপরাধের দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো। একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতিভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর উপবিধি ৪(২) (ক) মোতাবেক তিরস্কার দণ্ড প্রদান করা হলো। একই সাথে ভবিষ্যতে আরো দায়িত্বশীলতা ও সতর্কতার সাথে সরকারি স্বার্থ সংরক্ষণে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদানপূর্বক নির্দেশক্রমে মামলাটি নিষ্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান খান**
সিনিয়র সহকারী সচিব।

**সুরক্ষা সেবা বিভাগ**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ চৈত্র, ১৪২৮/২২ মার্চ, ২০২২

নং **৫৮.০০.০০০০.০৬১.০২.০০৪.১৮-২১**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৫৮ ধারা মোতাবেক নিম্নোক্ত হারে শুল্ক আরোপযোগ্য মাদক দ্রব্যাদির উপর শুল্ক নির্ধারণ করা হলো :

| ক্রম | মাদক শুল্ক আরোপযোগ্য দ্রব্যাদির বিবরণ | মাদক শুল্কের হার |
|---|---|---|
| ১। | দেশি মদ | |
| | ক) চা বাগান ব্যতীত দেশের অন্যান্য এলাকার জন্য<br>খ) চা বাগান এলাকার জন্য | ক) প্রতি লিটার প্রুফ ১২০/-<br>খ) প্রতি লিটার প্রুফ ৫৫/- |

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্রম | মাদক শুল্ক আরোপযোগ্য দ্রব্যাদির বিবরণ | মাদক শুল্কের হার |
|---|---|---|
| ২। | মিথাইল এ্যালকোহল | প্রতি লিটার প্রুফ ১০০/- |
| ৩। | অ্যাবসলিউট এ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল এ্যালকোহল (ইএনএ) | প্রতি লিটার প্রুফ ১৫০/- |
| ৪। | রেক্টিফাইড স্পিরিট<br>ক) (Bangladesh Homeopathic Paractitioners Ordinance, 1963 (XLI of 1993) এর অধীন রেজিস্ট্রিকৃত চিকিৎসকের লাইসেন্সের অধীন বাৎসরিক সবোর্চ্চ ৪০ (চল্লিশ) লিটার প্রুফ<br>খ) অন্যান্য | ক) প্রতি লিটার প্রুফ ২০০/-<br>খ) প্রতি লিটার প্রুফ ২০০/- |
| ৫। | ইথানল (বিপি) ঔষধ প্রস্তুতে ব্যবহার | প্রতি লিটার প্রুফ ৫০/- |
| ৬। | বাংলাদেশে প্রস্তুত বিলাতি মদ | প্রতি লিটার প্রুফ ৪০০/- |
| ৭। | ডিনেচার্ড স্পিরিট | প্রতি লিটার ২৫/ (আয়তন ভিত্তিক) |
| ৮। | টলুইন (Toluene) | প্রতি মেট্রিক টন ৫০০/- |

০২। আদেশ জারির তারিখ থেকে এ হার কার্যকর হবে এবং মাদক শুল্ক নির্ধারণ সংক্রান্ত পূর্বের সকল হার এতদ্বারা রহিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

---

**শৃঙ্খলা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/১৬ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১৩.২১-৬৫**—যেহেতু, আপনি জনাব মোঃ বজলুর রশীদ, জেল সুপার, কিশোরগঞ্জ জেলা কারাগার, গত ০৮-০৪-২০১৫ তারিখ হতে কিশোরগঞ্জ জেলা কারাগারে কর্মরত আছেন;

যেহেতু, আপনার কর্মকালে কিশোরগঞ্জ জেলা কারাগার, গত ০৮-০২-২০২১ তারিখ দিবাগত রাতে কিশোরগঞ্জ জেলা কারাগারে মারামারির ঘটনায় সেলে আটক হাজতি বন্ধি নং-৯৮/২০২১ আব্দুল হাই (২৭) মৃত্যুবরণ করেন। আপনি সময়মত অফিসে হাজির হন না এবং কারা বিধি মোতাবেক নিয়মিত বন্দীদের ওয়ার্ড ও প্রতিদিন সেল পরিদর্শন করে বন্দীদের অভাব-অভিযোগ শ্রবণ করে তার সমাধানের ব্যবস্থা করেননি। ০৮-০২-২০২১ তারিখ সেলে সংঘটিত মারামারির ঘটনায় গুরুতর আহত হাজতি বন্দি আব্দুল হাইকে হাসপাতালে চিকিৎসার জন্য প্রেরণকালে তিনি প্রধান ফটকে উপস্থিত হননি এবং উক্ত বন্দির চিকিৎসা তদারকির জন্য জেনারেল হাসপাতালে না গিয়ে দায়িত্ব পালনে ব্যর্থতার পরিচয় দিয়েছেন। আপনি যথাসময়ে ঘটনাস্থল পরিদর্শন করেননি এবং ক্রাইম সিন ও আলামত সংরক্ষণ করেননি। ০৮-০২-২০২১ তারিখে বিকালে ১১ ও ১২ নং সেলের কয়েদি সেল সেবকদের অন্যত্র সরিয়ে দিয়েছেন;

যেহেতু, সেল সেবকদের সেলের বারান্দায় নির্ধারিত স্থানে লক-আপ করা হলে সেলের মারামারির ঘটনা প্রতিহত করার সুযোগ ছিল। সেল ভবনের মত একটি গুরুত্বপূর্ণ ভবনের প্রতি ব্লকে সিসি ক্যামেরা স্থাপন না করে দুই ভবনের মধ্যের গেটের উপর একটি সিসি ক্যামেরা স্থাপন/সংযোজন করেছেন। প্রধান ফটকের গুরুত্বপূর্ণ সিসি ক্যামেরাসহ ১৪টি ক্যামেরা অকেজো থাকলেও তা মেরামত করেননি এবং এবং মেরামতের উদ্যোগ গ্রহণ করেননি। সিসি টিভি ফুটেজে রেকর্ডিং প্রকৃত সময়ের চেয়ে ৪৫ মিনিট পিছিয়ে ছিল, যা এ্যাডজাস্ট করেননি। আপনি ১৬টি সেলের নিরাপত্তাকে গুরুত্ব না দিয়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত, জঙ্গীসহ বিভিন্ন প্রকৃতির ৪৬ জন বন্দির জন্য ০১ (এক) জন কারারক্ষীকে নিয়োজিত করেছে;

যেহেতু, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে পুরাতন জেলের একটি পিসিআর বাসা এবং নতুন জেলের জেল সুপারের বাসা ও প্রধান ফটকের উপর জেলারের বাসা অফিস-কাম আবাসিক ভবন হিসেবে ব্যবহার করেছেন। ০৮-০২-২০২১ তারিখ দিবাগত রাতে দ্বিতীয় পরিক্রমায় সময় উল্লেখ না থাকলেও এবং চতুর্থ পরিক্রমায় পরিক্রমাকারী সেলের ঘটনার বিষয় উল্লেখ না করলেও রাউন্ড বুকে তিনি কোনো মন্তব্য না করে স্বাক্ষর করেছেন। বন্দিদের ব্রেকিং ফাইল প্রতিরোধে ব্যর্থ হয়েছেন। বন্দিরা ব্রেকিং ফাইলা বা মাঠে দীর্ঘ সময় এক এলাকার বন্দি অন্য এলাকায় যত্রতত্র ঘোরাফেরা করতো, যা কারা বিধির পরিপন্থী। এর ফলে বন্দিদের উপর গার্ডিং স্টাফ ও কারারক্ষীদের নিয়ন্ত্রণ না থাকায় কথায় কথায় বন্দিরা কারারক্ষীদের হুমকি প্রদান করতো;

যেহেতু, আপনার এহেন আচরণ এর জন্য সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচারণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় কার্যধারা নং-১৩/২০২১ রুজুপূর্বক এ বিভাগের ১৪-১১-২০২১ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১২.২১-১৮২ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রদান করা হলে ০৪-০১-২০২২ খ্রিঃ তারিখ আত্নপক্ষ সমর্থনে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১৬-০১-২০২২ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কৈফিয়তের জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্তের জন্য জনাব ফারজানা সিদ্দিকা, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২৭-০২-২০২২ খ্রি. তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে প্রতীয়মান হয় আপনার বিরুদ্ধে আনীত ০৮-০২-২০২১ তারিখ দিবাগত রাতে দ্বিতীয় পরিক্রমায় সময় উল্লেখ না থাকলেও এবং চতুর্থ পরিক্রমায় পরিক্রমাকারী সেলের ঘটনার বিষয় উল্লেখ না করলেও রাউন্ড বুকে আপনি কোনো মন্তব্য না করে স্বাক্ষর করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

সেহেতু, জনাব মোঃ বজলুর রশীদ, জেল সুপার, কিশোরগঞ্জ জেলা কারাগার, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) এর (ক) বিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৯ চৈত্র ১৪২৮/২৩ মার্চ ২০২২

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০০২.২০১৩-১১২**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩(১) অনুযায়ী অধ্যাপক ড. সৈয়দ সরফরাজ হামিদ, ডিন ও অধ্যাপক, আইন অনুষদ, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি, মিরপুর, ঢাকা-কে এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়-এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.১০৭.২০১৪-১১১**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১(১) অনুযায়ী অধ্যাপক ড. প্রিয় ব্রত পাল (অবসরপ্রাপ্ত), অর্থনীতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়-কে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

ক) ভাইস চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/২৩ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭৬.১১.০০৩.২২-৫৫**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ধারা ১০(১) ধারা অনুসারে অধ্যাপক ড. আব্দুল্লাহ আল ফারুক, আইন বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-কে নিম্নোক্ত শর্তে রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ করা হলো :

(ক) ভাইস চ্যান্সেলর হিসেবে তাঁর এ নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে তিনি নিয়মিত চাকরির বয়সপূর্তিতে মূল পদে প্রত্যাবর্তনপূর্বক অবসর গ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদন শেষে উক্ত মেয়াদের অবশিষ্টাংশ পূর্ণ করবেন;

(খ) তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতা প্রাপ্য হবেন;

(গ) তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন; এবং

(ঙ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাসুম আহমেদ**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/২১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০.১২(অংশ-১).৭৯**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ভান্ডারপাড়া | ৭৮ | ২৮৬ | ডুমুরিয়া | খুলনা |
| ২ | নওয়াকাঠি | ১৫৯ | ৬৯৪ | ডুমুরিয়া | খুলনা |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ৩ | কমলপুর | ৭২ | ৩৯৬ | ডুমুরিয়া | খুলনা |
| ৪ | পারমধুখালী | ১৪১ | ১৯৬ | পাইকগাছা | খুলনা |
| ৫ | সৈয়দপুর | ৮৩ | ৯০৯ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৬ | চাপড়া | ২৯ | ১২৯৬ | আশাশুনি | সাতক্ষীরা |
| ৭ | চাঁপাখালী | ৭৬ | ১৭৩৯ | আশাশুনি | সাতক্ষীরা |
| ৮ | তেলীখালী | ১৩৯ | ১৫৭২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তানিয়া আফরোজ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৮/২১ মার্চ ২০২২

**নং ৩৯.০০.০০০০.০৩৫.০০৬.০১৭.১৯.১৬—বঙ্গবন্ধু** বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের কতিপয় ফেলোদের অর্থ আদায়/মওকুফের লক্ষ্যে ফেলোদের শুনানি গ্রহণের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট ও অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

২। অর্থ বিভাগের একজন প্রতিনিধি
(যিনি বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য)।

৩। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি
(যিনি বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য)।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি
(যিনি বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য)।

৫। আইসিটি বিভাগ (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)-এর একজন প্রতিনিধি
(যিনি বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য)।

৬। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি
(যিনি বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য)।

৭। উপসচিব, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এবং এনসিএসটি সেল, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

৮। উপপরিচালক, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট।

২। **কমিটির কার্যপরিধি :** কমিটি সংশ্লিষ্ট ফেলোর ও তার গ্যারান্টারের শুনানি গ্রহণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সুপারিশ প্রদান করবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৯.০০.০০০০.০৩৫.০০৬.০১৭.১৯.১৭**—বঙ্গাবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ফেলোদের গবেষণা কার্যক্রমের উপর সেমিনার, কর্মশালা, মূল্যায়ন সভা ইত্যাদি অনুষ্ঠান সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি নিম্নবর্ণিতভাবে গঠন করা যেতে পারে :

**আহ্বায়ক**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গাবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট।

**সদস্যবৃন্দ**

২। পাবলিক বিশ্ববিদ্যালয় মনোনীত প্রতিনিধি (সংশ্লিষ্ট বিষয়ে)

৩। আইসিটি বিভাগ (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)-এর একজন প্রতিনিধি
(যিনি বঙ্গাবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য)।

৪। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সংশ্লিষ্ট অধিশাখা), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

৫। উপপরিচালক, বঙ্গাবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট

২। **কমিটির কার্যপরিধি :** স্ট্যান্ডিং কমিটি বঙ্গাবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ফেলোদের গবেষণা কার্যক্রমের উপর সেমিনার, কর্মশালা, মূল্যায়ন সভা ইত্যাদি আয়োজন সংক্রান্ত বিষয়ে সুপারিশ প্রদান করবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**রতন কুমার মন্ডল**
উপসচিব।

---

**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়**
**প্রশাসন-১ অধিশাখা**

**শোকবার্তা**

তারিখ : ২০ মার্চ ২০২২

**নং ২৯.০০.০০০০.২১৩.৩১.০৩৩.১৩-১২৮**—গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব মিজ্ বিদুষী চাকমা (পরিচিতি নম্বর-৬৯২৮) ক্যান্সারে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় বিআরবি হাসপাতাল, ঢাকায় গত ১৮ মার্চ ২০২২ তারিখ ভোর ০৪.০০ টায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৯ বছর। তিনি স্বামী ও ০১ কন্যাসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

০২। মিজ্ বিদুষী চাকমা রাঙ্গামাটি জেলার এক চাকমা পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০তম ব্যাচের সদস্য হিসাবে গত ২৮-০৫-২০০১ তারিখে সরকারি চাকরিতে যোগদান করেন। কর্মজীবনে তিনি একজন সৎ, দক্ষ ও অমায়িক কর্মকর্তা হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি বাসাইল, ফুলবাড়িয়া ও শ্রীনগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এবং চাঁদপুর জেলার হাজিগঞ্জ উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের উপ-পরিচালক এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও উপসচিবসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্বে পালন করেছেন। বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা হিসাবে তাঁর অবদান আমরা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ হতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব মিজ্ বিদুষী চাকমা এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি এবং তাঁর আত্মার শান্তি কামনা করছি।

**মোঃ কামরুজ্জামান**

অতিরিক্ত সচিব (প্রশাসন)
সচিবের রুটিন দায়িত্বে।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ১৪ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২৮ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১০/২০২২-১৩৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রিফাত জাহান, পিতা-মোঃ রফিকুল ইসলাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ্ **মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপ-সচিব (রেজিস্ট্রেশন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৮ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/১১ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-২৫/২০১৪/৯০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব প্রভাষ চন্দ্র মহান্ত, জন্ম তারিখ : ১৫-১০-১৯৭৫ খ্রি., পিতা : রাজেন্দ্র নাথ মহান্ত, মাতা : সুশিলা রানী মহান্ত, গ্রাম : খোর্দ্দ বোতলাগাড়ী, ডাকঘর : শ্বাষকান্দর, উপজেলা : সৈয়দপুর, জেলা : নীলফামারী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ্ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ বৈশাখ, ১৪২৯/২১ এপ্রিল, ২০২২

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০১-২১(বিমা)-১১৮**—যেহেতু, জনাব মোঃ সারওয়ার আলম (১৬১৭৯) সিনিয়র সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় গত ৮ মার্চ ২০২১ তারিখ বেলা ১২:১০ মিনিটে তাঁর ফেইস বুক আইডিতে 'চাকরি জীবনে যেসব কর্মকর্তা-কর্মচারী অন্যায়, অনিয়মের বিরুদ্ধে লড়েছেন তাদের বেশীরভাগই চাকরি জীবনে পদে পদে বঞ্চিত ও নিগৃহীত হয়েছেন এবং এদেশে অন্যায়ের বিরুদ্ধে অবস্থান নেওয়াটাই অন্যায়' বলে মন্তব্য করেন এবং একজন সরকারি কর্মচারী হয়ে সরকার ও কর্তৃপক্ষের বিরুদ্ধে এ ধরনের ইঙ্গিতপূর্ণ মন্তব্য করার মাধ্যমে অকর্মকর্তাসুলভ আচরণ করেছেন এবং এতে জনপ্রশাসনের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে ০১৫/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করে ৩০-০৬-২০২১ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কোনো লিখিত বক্তব্য দাখিল না করায় এবং অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করলে, তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জনাব মোঃ সারওয়ার আলম (১৬১৭৯) সিনিয়র সহকারী সচিব এর বিরুদ্ধে তাঁর ফেইসবুক আইডিতে যে মন্তব্যের কারণে অকর্মকর্তাসুলভ আচরণ এবং জনপ্রশাসনের ভাবমূর্তি ক্ষুণ্নের অভিযোগ আনা হয়েছে, তিনি তাঁর ফেইসবুক আইডিতে সে মন্তব্যটি করেছেন মর্মে স্বীকার করেছেন এবং অভিযুক্তের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ অভিযুক্তের স্বীকারোক্তি অনুযায়ী সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ সারওয়ার আলম (১৬১৭৯) সিনিয়র সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত 'অসদাচরণ' এর অভিযোগ তাঁর স্বীকারোক্তি মতে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(২)(ক) বিধি অনুযায়ী তাকে 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

শৃঙ্খলা-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ চৈত্র, ১৪২৮/১০ এপ্রিল, ২০২২

নং **০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩-২১.১১৮**—যেহেতু, জনাব মোঃ জুলহাজ আলী সরকার (পরিচিতি নং : ১১৩২১), সহকারী পরিচালক (সহকারী সচিব, ক্যাডার বহির্ভূত), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে ২১-১১-২০২০ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সিনিয়র স্কেল পদে পদোন্নতি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে শৃঙ্খলা-২ শাখার ২২-০৬-২০২১ তারিখ ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩-২১.১৮৪ নং স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়; এবং

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৭-০৬-২০২১ তারিখ লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ০৫-০৯-২০২১ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

০৩। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব ফ্লোরা বিলকিস জাহান (পরিচিতি নং-১৫৯৭৯), উপসচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা) জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করা হয়; এবং

০৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা ১০-০৩-২০২২ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

০৫। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজ-পত্র তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় জনাব মোঃ জুলহাজ আলী সরকার (পরিচিতি নং : ১১৩২১), সহকারী পরিচালক (সহকারী সচিব, ক্যাডার বহির্ভূত), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত।

০৬। যেহেতু, জনাব মোঃ জুলহাজ আলী সরকার (পরিচিতি নং : ১১৩২১), সহকারী পরিচালক (সহকারী সচিব, ক্যাডার বহির্ভূত), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(খ) বিধি মোতাবেক তাকে "০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য স্থগিত" রাখারা লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যত বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৪ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ চৈত্র, ১৪২৮/০৪ এপ্রিল, ২০২২

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০১-২২(বিমা)-১০৩**—যেহেতু, জনাব মোহাম্মদ ফারুক আহমদ (পরিচিতি নম্বর : ৬৮৩৭) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় তাঁর শ্বশুর জনাব মোঃ আব্দুল মান্নানকে তার স্থাবর-অস্থাবর সকল সম্পত্তির পাওয়ার অব এ্যাটর্নি তাঁর স্ত্রীর নামে দেওয়ার জন্য প্রস্তাব করেন এবং জনাব মোঃ আব্দুল মান্নান এ প্রস্তাবে রাজী না হওয়ায় তাঁর স্ত্রীর পক্ষে পারিবারিক বিরোধে জড়িয়ে পড়েন এবং তাঁর স্ত্রীর পিতার সম্পত্তির ভাগাভাগির বিষয়কে কেন্দ্র করে বিরোধে লিপ্ত হয়ে প্রতিপক্ষকে তাঁর মোবাইল ফোন হতে অশালীন ভাষায় মেসেজ প্রেরণসহ মোবাইলে হুমকি প্রদান করেছেন যা একজন সরকারি কর্মকর্তার পক্ষে শোভনীয় নয়; এবং

যেহেতু, প্রশাসনিক তদন্তে তদন্তকারী কর্মকর্তা তাঁর এ ধরণের অশালীন ও কুরুচিপূর্ণ আচরণের দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে ০০১/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজ করে ০২ জানুয়ারি ২০২২ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, তিনি ২৪ জানুয়ারি ২০২২ তারিখে কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করেন এবং সে অনুযায়ী ১৬ মার্চ ২০২২ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ এর বিষয়ে উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব, অডিও রেকর্ডসহ তথ্য প্রমাণ ও প্রাসংগিক বিষয়সমূহ পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সামগ্রিক বিচারে তাঁকে দণ্ড আরোপ করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ ফারুক আহমদ (পরিচিতি নম্বর : ৬৮৩৭) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(২)(ক) বিধি অনুযায়ী তাঁকে 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**অধিশাখা-১২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৯/১৮ এপ্রিল ২০২২

**নং ৩৯.০০.০০০০.০১২.০০২.০৮.২১.৫৮**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক চলতি ২০২১-২০২২ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. অতিরিক্ত সচিব (বিপ্র), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২. জনাব এ কে এম লুৎফর রহমান সিদ্দীক, সিনিয়র কিউরেটর (উপসচিব), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩. জনাব মোঃ মনিরুজ্জামান, প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার (অ. দা.), বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আগারগাঁও, ঢাকা।

৪. ড. মোঃ আহসান হাবীব, প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরাত-এ-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা।

৫. ড. আবিদ ইমতিয়াজ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি অ্যান্ড সেফগার্ডস বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, পরমাণু ভবন, ই-১২/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

**সদস্য-সচিব**

৬. উপসচিব, অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খান মোঃ রেজা-উন-নবী**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**জনসংখ্যা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ চৈত্র, ১৪২৮/২৩ মার্চ ২০২২

নং **৫৯.০০.০০০০.১১৫.০৬.০০১-২২.১৯**—মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কর্মকাণ্ডের কৌশলগত পরামর্শ প্রদান ও কার্যক্রম সূচারুরূপে পরিচালনার জন্য নিম্নোক্ত সদস্যদের নিয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ন্যাশনাল টেকনিক্যাল কমিটি (NTC) পুনর্গঠন করা হলো :

| ক্রম নং | কর্মকর্তার নাম ও পদবি | দপ্তর/ইউনিট/সংস্থা | পদ |
|---|---|---|---|
| ০১ | মহাপরিচালক | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সভাপতি |
| ০২ | অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পক ও আইন) | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ০৩ | যুগ্মসচিব (পরিকল্পনা) | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ০৪ | পরিচালক (অর্থ) এবং লাইন ডাইরেক্টর (এফপিএফএসডিপি) | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য |
| ০৫ | লাইন ডাইরেক্টর (সিসিএসডিপি) | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য |
| ০৬ | পরিচালক | ঔষধ প্রশাসন অধিদপ্তর | সদস্য |
| ০৭ | লাইন ডাইরেক্টর | এমএনসিএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ০৮ | পরিচালক | এমসিএইচটিআই, আজিমপুর | সদস্য |
| ০৯ | পরিচালক | এমএফএসটিসি, মোহাম্মদপুর | সদস্য |
| ১০ | পরিচালক | এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর | সদস্য |
| ১১ | মহাপরিচালক এর প্রতিনিধি | স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১২ | মহাপরিচালক এর প্রতিনিধি | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৩ | মহাপরিচালক এর প্রতিনিধি | নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর | সদস্য |

| ক্রম নং | কর্মকর্তার নাম ও পদবি | দপ্তর/ইউনিট/সংস্থা | পদ |
|---|---|---|---|
| ১৪ | মহাপরিচালক এর প্রতিনিধি | নিপোর্ট | সদস্য |
| ১৫ | পরিচালক | বিএমআরসি | সদস্য |
| ১৬ | সভাপতি/মহাসচিব | বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন | সদস্য |
| ১৭ | সভাপতি/মহাসচিব | ওজিএসবি | সদস্য |
| ১৮ | সভাপতি/মহাসচিব | বাংলাদেশ নিওনেটাল ফোরাম | সদস্য |
| ১৯ | সভাপতি/মহাসচিব | বাংলাদেশ সোসাইটি অব এনেসথেসিওলজিস্ট ক্রিটিক্যাল কেয়ার এন্ড পেইন ফিজিশিয়ান | সদস্য |
| ২০ | সভাপতি/মহাসচিব | বাংলাদেশ পেডিয়াট্রিক অ্যাসোসিয়েশন | সদস্য |
| ২১ | সভাপতি/মহাসচিব | সোসাইটি অব সার্জনস অব বাংলাদেশ | সদস্য |
| ২২ | সভাপতি/মহাসচিব | সোসাইটি অব ডার্মাটোলজী | সদস্য |
| ২৩ | সভাপতি/মহাসচিব | ফার্মাকোলজি সোসাইটি অব বাংলাদেশ | সদস্য |
| ২৪ | সভাপতি/মহাসচিব | পরিবার পরিকল্পনা সরকারি চিকিৎসক সমিতি | সদস্য |
| ২৫ | সভাপতি/মহাসচিব | বিসিএস পরিবার পরিকল্পনা কর্মকর্তা সমিতি | সদস্য |
| ২৬ | সভাপতি/মহাসচিব | সোসাইটি অব মাইক্রোবায়োলজী | সদস্য |
| ২৭ | প্রতিনিধি | বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) | সদস্য |
| ২৮ | প্রতিনিধি | উন্নয়ন সহযোগী সংস্থা, জাতীয় | সদস্য |
| ২৯ | প্রতিনিধি | উন্নয়ন সহযোগী সংস্থা, আন্তর্জাতিক | সদস্য |
| ৩০ | প্রতিনিধি | ইউনিসেফ (UNICEF) | সদস্য |
| ৩১ | সভাপতি/মহাসচিব | বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্রাকটিসনার্স এসোসিয়েশন | সদস্য |
| ৩২ | পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ) | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য-সচিব |

**ন্যাশনাল টেকনিক্যাল কমিটি (NTC) কার্যপরিধি :**

(ক) কমিটি মা, নবজাতক ও শিশুস্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য, পুষ্টি এবং পরিবার পরিকল্পনা সেবা বিষয়ক কর্মসূচি বাস্তবায়নে পরামর্শ প্রদান করবেন।

(খ) কমিটি সার্জিক্যাল নিয়ম বিধি, ক্লিনিক্যাল ব্যবস্থাপনা এবং পরিবার পরিকল্পনা পদ্ধতির কলাকৌশল সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান করবেন।

(গ) দেশে পরিবার পরিকল্পনা সেবা বিষয়ক যে কোনো পদ্ধতি প্রবর্তনের পূর্বে জাতীয় টেকনিক্যাল কমিটি বিষয়টি পর্যালোচনা করবেন।

(ঘ) কমিটি প্রজনন স্বাস্থ্য, প্রজনন প্রক্রিয় এবং পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতির উপরে পরীক্ষা-নীরিক্ষা করবে এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবেন।

(ঙ) কমিটি পরিবার পরিকল্পনা কর্মসূচির কার্যাবলি মাঠ পর্যায়ে প্রয়োগ ও উন্নয়ন সাধনের লক্ষ্যে তদারকির বিধিমালা প্রণয়নে সুপারিশ করবেন।

(চ) কমিটি প্রতি ৩ (তিন) মাসে অন্ততঃ একবার সভা করবেন।

(ছ) কমিটি কাজের সুবিধার্থে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও নীতি নির্ধারক কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবেন।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, বি, এম, নুরুল আলম**
সহকারী সচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**কোম্পানি-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ চৈত্র, ১৪২৮/১২ এপ্রিল ২০২২

**নং ১৪.০০.০০০০.০০৮.২৭.০১৭.১৯.৪১**—যেহেতু, জনাব সামসেদ মাহমুদ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এ কর্মরত থাকাকালীন ০৯-০৮-২০১৫ তারিখ থেকে অসুস্থতার জন্য ছুটির আবেদন করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। বিটিসিএল হতে বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও জনাব সামসেদ মাহমুদ কর্মস্থলে যোগদান না করায় বিটিসিএল হতে বিষয়টি টেলিযোগাযোগ অধিদপ্তরকে অবহিত করা হয়। তৎপ্রেক্ষিতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং-১৪.০০.০০০০.০০৮.২৭.০০৩.২০১১(অংশ)-১৬৯, তারিখ : ১৭-০৪-২০১৭ দ্বারা বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য কেন উক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার ব্যাখ্যা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে ০৭ (সাত) কার্যদিবস সময় প্রদান করা হয়। জনাব সামসেদ মাহমুদ তার বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ এবং আজ অবধি কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে কোনরূপ ব্যাখ্যা প্রদান করেননি;

যেহেতু, জনাব সামসেদ মাহমুদ এর এ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচারণ" ও "পলায়ন" এর অপরাধ হিসেবে গণ্য করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ৩০ জুন ২০১৯ তারিখে জারিপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তাকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। নোটিশটি কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলেও তিনি কোনো জবাব প্রদান করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার নিকট হতে কোনো জবাব পাওয়া না যাওয়ায় দ্বিতীয় অভিযোগনামা গত ১৫-০৮-২০১৯ তারিখের "The Daily Observer" এবং ১৯-০৮-২০১৯ তারিখের "দৈনিক ইত্তেফাক" পত্রিকায় প্রকাশ করা হয়। তদ্‌সত্ত্বেও অভিযুক্ত কর্মকর্তা কোনো জবাব দাখিল না করায় বিষয়টি তদন্তের জন্য এ বিভাগের তৎকালীন উপসচিব জনাব বিদ্যুৎ চন্দ্র আইচ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে জনাব সামসেদ মাহমুদ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' ও ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক "চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service)" দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) এর ১৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৮০.০০.০০০০.১০১.০৪.০০৭.২১.২২ নং স্মারকে বর্ণিত কর্মকর্তাকে "চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service)" করার বিষয়ে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, জনাব সামসেদ মাহমুদকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" এর প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন;

সেহেতু, জনাব সামসেদ মাহমুদ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকাকে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' ও ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে "চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service)" করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৪.০০.০০০০.০০৮.২৭.০১৬.১৯.৪২**—যেহেতু, জনাব মামুন মঞ্জুরুল আজিজ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এ কর্মরত থাকাকালীন ০৩-০২-২০১৫ তারিখ হতে ১৭-০২-২০১৫ তারিখ পর্যন্ত শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর করা হয়। উক্ত ছুটি ভোগরত অবস্থায় ১৯-০২-২০১৫ তারিখ থেকে অসুস্থতার জন্য আরো ২০ (বিশ) দিনের ছুটির আবেদন করেন। কিন্তু তা মঞ্জুর না হওয়া সত্ত্বেও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকেন। বিটিসিএল হতে বারবার তাগিত দেওয়া সত্ত্বেও জনাব মামুন মঞ্জুরুল আজিজ কর্মস্থলে যোগদান না করায় বিষয়টি বিটিসিএল হতে টেলিযোগাযোগ অধিদপ্তরকে অবহিত করা হয়। তৎপ্রেক্ষিতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং-১৪.০০.০০০০.০০৮. ২৭.০০৩. ২০১১(অংশ)-২০০, তারিখ : ০৭-০৫-২০১৭ দ্বারা বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য কেন উক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার ব্যাখ্যা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে ০৭ (সাত) কার্যদিবস সময় প্রদান করা হয়। জনাব মামুন মঞ্জুরুল আজিজ তার বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ এবং আজ অবধি কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে কোনরূপ ব্যাখ্যা প্রদান করেননি;

যেহেতু, জনাব মামুন মঞ্জুরুল আজিজ এর এ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচারণ" ও "পলায়ন" এর অপরাধ হিসেবে গণ্য করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ৩০ জুন ২০১৯ তারিখে জারিপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তাকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। নোটিশটি কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলেও তিনি কোনো জবাব প্রদান করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার নিকট হতে কোনো জবাব পাওয়া না যাওয়ায় দ্বিতীয় অভিযোগনামা গত ১৫-০৮-২০১৯ তারিখের "The Daily Observer" এবং ১৯-০৮-২০১৯ তারিখের "দৈনিক ইত্তেফাক" পত্রিকায় প্রকাশ করা হয়। তদ্‌সত্ত্বেও অভিযুক্ত কর্মকর্তা হতে জবাব দাখিল না করায় বিষয়টি তদন্তের জন্য এ বিভাগের তৎকালীন উপসচিব জনাব বিদ্যুৎ চন্দ্র আইচ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে জনাব মামুন মঞ্জুরুল আজিজ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' ও ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক "চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service)" দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) এর ১৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৮০.০০.০০০০.১০১.০৪.০০৬.২১.২১ নং স্মারকে বর্ণিত কর্মকর্তাকে "চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service)" করার বিষয়ে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, জনাব মামুন মঞ্জুরুল আজিজকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" এর প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন;

সেহেতু, জনাব মামুন মঞ্জুরুল আজিজ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকাকে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' ও ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে "চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service)" করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১).৯০**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | জয়কৃষ্ণপুর | ১০৪ | ২৮৭ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২ | মধুসুদনপুর | ১০৫ | ২৬৩ | নোয়াখালী সদর | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ১৪৫৪১/২০১৮, ১১৯৪২/২০১৯ নম্বর রিট থাকায় রীট সংশ্লিষ্ট ৪, ৬১, ১১২, ১৯৮ এবং ২৫৪ নম্বর খতিয়ান ব্যতিত। |
| ৩ | পশ্চিম চর সুলুকিয়া | ২৫৩ | ১৪৮৩ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৪ | ধন্যপুর | ৭৬ | ৯০১ | বেগমগঞ্জ | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ২৬৩৬/২০২০ নম্বর রিট থাকায় রীট সংশ্লিষ্ট ৩৮১, ৪২৬, ৮৬২, ৭৩৪, ৭৫৪, ৭৬৫, ৯২১ এবং ৯২৬ নম্বর খতিয়ান ব্যতিত। |
| ৫ | রতনপুর | ৪৭ | ৭৭০ | রামগঞ্জ | লক্ষ্মীপুর | |

তারিখ : ১৬ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/৩০ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.৮৭**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | শ্রীবাউর | ৩৫ | ২৪৯ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ২ | কেউন্দা | ৪০ | ৫৫৬ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ৩ | করিমপুর | ৪৬ | ২১৬ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ৪ | গোলগাঁও | ৪৭ | ১৬৭ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ৫ | চুরতা | ৪৯ | ২৭৮ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ৬ | লতিফপুর | ৫৩ | ২২২ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ৭ | জাহাপুর | ৫৫ | ২৮১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ৮ | মাঝি সাইল | ৫৬ | ৩৫৫ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ৯ | সাইলগাছ | ৬১ | ১৩৭ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১০ | বাগমারা রাজাপুর | ৬৪ | ২৭৭ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১১ | চাটপাড়া | ৭৩ | ২৪৯ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১২ | মজালেশ্বর | ৭৪ | ৩২৩ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১৩ | কুনাউরা | ৮৩ | ১০৩ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১৪ | আঠালিয়া | ৮৭ | ২৫৬ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১৫ | রাজাকোনা | ৯৮ | ৩৭৮ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১৬ | হরিশাকুরা | ১০০ | ১৫২ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১৭ | কাইচতলা | ১০২ | ১৬৫ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১৮ | কাপাইছড়া টি, জি | ১১৪ | ১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ১৯ | সাতছড়ি টি ষ্টেট | ১১৬ | ১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ২০ | নবাবখান টি, জি | ১১৭ | ১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ২১ | চাকলাপুঞ্জি টি, জি | ১১৯ | ১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ২২ | রেমা টি, জি | ১৬২ | ১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ২৩ | রামদেব চক্ | ৩৬ | ৪৯৩ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ২৪ | পাঁচপাড়িয়া | ৪৭ | ৪১৬ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ২৫ | হুড়গাঁও | ৭১ | ৪৬৮ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ২৬ | ডুমুরুয়া | ৭৭ | ২৯৬ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ২৭ | মুনছুরপুর | ৯২ | ২৩০ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ২৮ | আহমদপুর | ৯৩ | ২০৭ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ২৯ | সারেঙ্গা | ৯৪ | ৩২৬ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩০ | কেশবপুর | ৯৭ | ৩৫৫ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩১ | নোয়াগাঁও | ৯৮ | ১৩৬ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩২ | উলুহর | ১০৫ | ২৪২ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩৩ | কালনী যাত্রাবাড়ী | ১১৪ | ৪২৫ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩৪ | বাতাসার | ১১৮ | ৩৮৭ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩৫ | বন্দ দক্ষিণ | ১২০ | ৫১৮ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ৩৬ | আলাপুর | ১৫৬ | ৩৭০ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩৭ | ফেটারগাও | ১ | ২৬৬৫ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৩৮ | ব্রাহ্মনগাও | ২৫ | ১৫৪২ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৩৯ | নিজগাও | ২৯ | ৬৫৫ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৪০ | ইব্রাহিমপুর | ৩৫ | ৮৮১ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৪১ | পুরাণ লক্ষণশ্রী | ৩৯ | ১১৩৩ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৪২ | ঝায়াচর | ৮১ | ২০৫ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৪৩ | সুলতানপুর | ৮৫ | ৫৫৮ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৪৪ | কাইরঘাট | ৮৮ | ১৪২৩ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৪৫ | পূর্ব্ব নুরপুর | ৯৭ | ২৪২ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ৪৬ | ফারংপাশা | ৭২ | ২৩১৬ | দক্ষিণ সুরমা | সিলেট |
| ৪৭ | দৌলতপুর | ৯১ | ২৯৭৭ | দক্ষিণ সুরমা | সিলেট |
| ৪৮ | চাম্পারাই টি গার্ডেন | ১১৩ | ০২ | কমলগঞ্জ | মৌলভাবাজার |
| ৪৯ | কৃষ্ণপুর | ১১ | ২৩৯ | কুলাউড়া | মৌলভাবাজার |
| ৫০ | ইছলাছড়া | ১৬ | ৩২৮ | কুলাউড়া | মৌলভাবাজার |
| ৫১ | মিরশঙ্কর | ২৫ | ২২২১ | কুলাউড়া | মৌলভাবাজার |

তারিখ : ১৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/২৯ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১৬(অংশ-১).৮৫**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | নারায়ণপুর | ২০৩ | ১২৩৭ | পাংশা | রাজবাড়ী | মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ১০৯৪২/২০১১ নম্বর রিট সংশ্লিষ্ট ৩৬৫, ৩৬৫/১ এবং ৮৮৪ নম্বর খতিয়ান ব্যতিত। |

তারিখ : ১৬ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/৩০ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৭.১৩.৮৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | পানিহাদি | ৫৪ | ২৩৮ | ভালুকা | ময়মনসিংহ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৪ ফাল্গুন ১৪২৮/১৭ ফেব্রুয়ারি ২০২২

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৪৮-২২.৭৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬২০৩ লে. কর্ণেল মুহাম্মদ খায়রুল ইসলাম, পিএসসি, আর্টিলারি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৪৪-২২.৭৯**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৫৯৬০ লে. কর্ণেল মুহাম্মদ জয়নুল আবেদীন চিশ্‌তি, পিএসসি, পদাতিক-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/০৪ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৫.২১-২৭**—যেহেতু, আপনি জনাব মোঃ কোবাদ আলী সরকার (পিএন-৬২৩৯), বর্তমানে সহকারী পরিচালক, বরিশাল, উপপরিচালক (ভারপ্রাপ্ত) হিসেবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেটে ০২-০১-২০২০ খ্রিঃ তারিখ থেকে ১১-০৫-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন;

যেহেতু, আপনি জনাব মোঃ কোবাদ আলী সরকার (পিএন-৬২৩৯), উপপরিচালক (ভারপ্রাপ্ত) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট গত ১৯-০৮-২০২০ তারিখের ৫৮.০৩.৬০০০.০০৭.৩৪.১২৫.১২. ১০৭৯(৩) স্মারকমূলে সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ছাড়পত্র (NOC) প্রদান করেন;

যেহেতু, অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন, ২০০৩ এর ৭ ও ৮ ধারা মোতাবেক বহুতল/বাণিজ্যিক ভবন নির্মাণের ছাড়পত্র (NOC) প্রদানের ক্ষমতা শুধুমাত্র মহাপরিচালক সংরক্ষণ করেন। কিন্তু আপনি এখতিয়ার বহির্ভূতভাবে সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ছাড়পত্র (NOC) প্রদান করেন;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী আপনাকে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং-০৩/২০২১/ফায়ার রুজু করা হয় এবং ১০ কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য ২৭-০৫-২০২১ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০. ০৭৭. ২৭.০০৫.২১.৪৪ নং স্মারকে অনুরোধ করা হয়;

যেহেতু, আপনি ২৮-০৬-২০২১ খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন। জবাবে আপনি অভিযোগসমূহ হতে অব্যাহতি চেয়ে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, গত ১১-১০-২০২১ খ্রিঃ তারিখে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। কৈফিয়তের জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে তদন্তের জন্য জনাব মোঃ শাহরিয়াজ, পিএএ, যুগ্মসচিব, সুরক্ষা সেবা বিভাগ-কে গত ১৩-১০-২০২১ খ্রি. তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ১৭-১১-২০২১ খ্রিঃ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন থেকে প্রতীয়মান হয় আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্রাদি, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(খ) ধারা মোতাবেক 'বাধ্যতামূলক অবসর প্রদান' এর প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, গত ২৭-১২-২০২১ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় গুরুদণ্ড আরোপের পূর্ব সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭(১০) বিধি মোতাবেক সরকারি চাকুরী হতে বরখাস্তকরণ এর বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়কে গত ১৩-০১-২০২২ খ্রিঃ তারিখর স্মারক নং ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৫.২০২১-০৪ এর মাধ্যমে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ কোবাদ আলী সরকার (পিএন-৬২৩৯-কে 'বাধ্যতামূলক অবসর প্রদান' এর বিষয়ে গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(খ) বিধি মোতাবেক জনাব মোঃ কোবাদ আলী সরকার (পিএন-৬২৩৯), সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-কে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ চৈত্র ১৪২৮/২৯ মার্চ ২০২২

**নং ২৩.০০.০০০০.০৭০.১৯.০৮৬.১৯.৯৭**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নোক্ত কর্মকর্তাগণকে বিমান বাহিনী নির্দেশিকা (এএফআই) ১/৯৩ অনুযায়ী নামের পাশে ৫ম কলামে বর্ণিত তারিখ থেকে শাখা পরিবর্তন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও বিদ্যমান শাখা | বিদ্যমান শাখায় কমিশনের তারিখ | পরিবর্তনকৃত শাখা | শাখা পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (ক) | স্কোয়াড্রন লিডার আরাফাত ইবনে জামান (বিডি/৯২৩৯), জিডি(পি) | ০১ জুন ২০০৬ | অ্যাডমিন শাখা | ১২ মে ২০২১ |
| (খ) | ফ্লাইট লেফটেন্যান্ট সাইমুম মাশরেকী (বিডি/১০০১১), এটিসি | ০১ ডিসেম্বর ২০১৬ | শিক্ষা শাখা | ২২ ডিসেম্বর ২০২১ |
| (গ) | ফ্লাইট লেফটেন্যান্ট মোমিনুল মাসুদ তালুকদার (বিডি/১০০৬৬), জিডি(পি) | ০১ ডিসেম্বর ২০১৭ | লজিস্টিক শাখা | ২৮ সেপ্টেম্বর ২০২০ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাহিদা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/০৫ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-১২/৮০(অংশ-১)-১৫২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আজিজুল হক, জন্ম তারিখ: ১০-০১-১৯৮৪ খ্রি., পিতা-আহাম্মদ আলী, মাতা-মোছাঃ আলীজন বিবি, গ্রাম-পূর্ব খামার (কচার দ্বারা), ওয়ার্ড নং-০৯, ডাকঘর-কচাকাটা, উপজেলা-নাগেশ্বরী, জেলা-কুড়িগ্রাম।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ১৪ নং কেদার ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/৩১ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৭৪/৮২-১৩৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ শাহাদাত জামান, জন্ম তারিখ: ০১-১০-১৯৯৭ খ্রি., পিতা-মোঃ সামসুজ্জামান ভূইয়া, মাতা-আছমা জামান, গ্রাম-বাতাকান্দি, ওয়ার্ড নং-০৬, ডাকঘর-বটতলী বাজার, উপজেলা-রায়পুরা, জেলা-নরসিংদী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার রায়পুরা উপজেলার চর আড়ালিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/০২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৫৬/২০১১(অংশ)-১৪৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব এরশাদ হোছাইন, জন্ম তারিখ: ১৫-০২-১৯৯৯ খ্রি., পিতা-সালাহ উদ্দিন, মাতা-খালেদা বেগম, গ্রাম-পুরুত্যাখালী, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-বি.এম চর, উপজেলা-চকরিয়া, জেলা-কক্সবাজার।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ১৮ নং কোনাখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।